

আগামী শনিবার চট্টগ্রামে আন্তর্জাতিক মানবাধিকার মেলা

ঢাকা, ৫ই ডিসেম্বর -- আন্তর্জাতিক মানবাধিকার দিবস ২০০৫ উপলক্ষ্যে একাডেমী ফর এডুকেশনাল ডেভেলপমেন্টস বাংলাদেশ এর হিউম্যান রাইটস এডভোকেসী প্রোগ্রাম এর উদ্যোগে দ্বিতীয় বার্ষিক আন্তর্জাতিক মানবাধিকার মেলা যুক্তরাজ্য আন্তর্জাতিক উন্নয়ন সংস্থার (ইউএসএআইডি) সহযোগিতায় আগামী শনিবার(১০ই ডিসেম্বর) চট্টগ্রাম ইঞ্জিনিয়ারিং ইন্সটিটিউটে অনুষ্ঠিত হবে। বাংলাদেশ ইন্সটিটিউট অব থিয়েটার আর্টস (বিআইটিএ) এই মেলার আয়োজন করবে। বাংলাদেশে দৈনন্দিন জীবনে যারা মানবাধিকার সংরক্ষণে অঙ্গীকারাবদ্ধ এবং সরকারি নীতিমালায় সন্নিবেশিত মানবাধিকার বিষয়াবলীর পরিবর্তনে যারা কাজ করছে তাদের এই মেলায় একত্রিত করা যাবে। মেলায় অংশগ্রহনকারীরা সম্মিলিতভাবে মানবাধিকারের সমর্থনে তাদের সমর্থন ব্যক্ত, অভিজ্ঞতা বিনিময় এবং গুরুত্বপূর্ণ মানবাধিকার ইস্যুগুলো জনগণকে অবহিত করবে।

মানবাধিকারের রক্ষায় চট্টগ্রামসহ সারা দেশ থেকে আগত নাগরিকদের একটি মানব বন্ধন গড়ে তোলার মধ্যদিয়ে দিনটি শুরু হবে। এর পর মানবাধিকার ব্যক্তিত্ব ও গণ্যমান্য ব্যক্তিদের বক্তৃতার মধ্য দিয়ে এই মেলা উদ্বোধন করা হবে। একাডেমী ফর এডুকেশনাল ডেভেলপমেন্টস বাংলাদেশ এর মানবাধিকার এডভোকেসী প্রোগ্রাম এর সহযোগী সংগঠনসহ অন্যান্য মানবাধিকার সংগঠনগুলো মেলা মাঠে স্থাপিত বুথগুলোতে দিনব্যাপী তাদের কর্মকাণ্ড ও অগ্রাধিকারের বিষয়গুলো তুলে ধরবে। এছাড়াও বেশকিছু সাংস্কৃতিক কর্মকাণ্ডসহ বাংলাদেশ ডিবেট ফেডারেশন আয়োজিত আর্টস সরকারি বিশ্ববিদ্যালয়ের মধ্যে মানবাধিকারের উপর বিতর্কের চূড়ান্ত পর্বও অনুষ্ঠিত হবে। চট্টগ্রাম থিয়েটার এ “মিনকন্যা:টেল অব টু মারমেইডস” নামক নাটক প্রদর্শনের মধ্যদিয়ে চলতি বছরের আন্তর্জাতিক মানবাধিকার দিবস শেষ হবে। এই নাটকে মানব পাচারের হুমকির বিষয়টি তুলে ধরা হয়েছে। বাংলাদেশ ইন্সটিটিউট অব থিয়েটার আর্টস (বিআইটিএ) এই নাটকটি রচনা করেছে।

=====

জিআর/ ২০০৫

দ্রষ্টব্য: এই নিবন্ধের ইংরেজি ভাষা ‘আমেরিকান সেন্টার’-এ পাওয়া যাবে। যদি আপনি ইংরেজি ভাষাটি পেতে আগ্রহী হন, তবে ‘আমেরিকান সেন্টার’ প্রেস সেকশনে (টেলিফোন: ৮৮১৩৪৪০-৪, ফ্যাক্স: ৯৮৮৫৬৮৮; ই-মেইল: DhakaPA@state.gov এবং Website: dhaka.usembassy.gov (New) এ যোগাযোগ করুন।